

আজ এইচএসসির ফল পুনঃনিরীক্ষা শুরু

■ ইত্তেফাক রিপোর্ট

এইচএসসি ও সমমানের শিক্ষার্থীরা আজ সোমবার থেকেই ফল পুনঃনিরীক্ষা করতে পারবে। টেলিটক মোবাইল থেকে আগামী ২৪-৩০ জুলাই পর্যন্ত পুনঃনিরীক্ষার আবেদন করতে পারবে শিক্ষার্থীরা।

ফল পুনঃনিরীক্ষণের আবেদন করতে RSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে বিষয় কোড লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে ফি বাবদ কত টাকা কেটে নেওয়া হবে তা জানিয়ে একটি পিন নম্বর (পার্সোনাল আইডেন্টিফিকেশন নম্বর-PIN) দেওয়া হবে।

আবেদনে সম্মত থাকলে RSC লিখে স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে পিন নম্বর লিখে স্পেস দিয়ে যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। প্রতিটি বিষয় ও প্রতি পত্রের জন্য দেড়শ টাকা হারে চার্জ কাটা হবে। একই এসএমএসে একাধিক বিষয়ের আবেদন করা যাবে। এক্ষেত্রে বিষয় কোড পর্যায়ক্রমে 'কমা' দিয়ে লিখতে হবে।

বিদেশ কেন্দ্রে পাসের হার বেড়েছে

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় অংশ নেওয়া সাতটি বিদেশ কেন্দ্রে পাসের হার ৯৪ দশমিক ২১ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৪৬ জন শিক্ষার্থী। বিদেশ কেন্দ্রে ২৫৯ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করেছে ২৪৪ জন। গত বছর বিদেশের সাতটি প্রতিষ্ঠানের মোট ২৪৮ জনের মধ্যে ২৩২ জন পাস করেছিল। এর মধ্যে শত ভাগ পাস করা প্রতিষ্ঠান ছিল দুটি।

বিদেশ কেন্দ্রে গত বছর পাসের হার ছিল ৯৩ দশমিক ৫৫ শতাংশ ও জিপিএ-৫ পেয়েছিল ৫৩ জন। এবার বিদেশ কেন্দ্রে শত ভাগ পাস করা প্রতিষ্ঠান রয়েছে একটি। সাতটি প্রতিষ্ঠানের সবগুলো থেকেই পাস করেছে। পাস করেনি এমন কোনো শিক্ষা প্রতিষ্ঠান নেই।